# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থাপন/নথি-১০(১১)/৯৩৬ তারিখঃ ১০/০৮/২০১৬খ্রিঃ

**বিষয়ঃ** **সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।**

সূত্রঃ ১) শিক্ষা মন্ত্রণালয়ের নং-৩৭.০০.০০০০.০৮৫.৯২.০০৯.১৫-১২৪৮; তারিখঃ ০৯ আগষ্ট ২০১৬ খ্রিঃ
২) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা- ০৩.০৭৯.০১৮.০১২.০৩.২০১৬-৫৫০; তারিখঃ ০২/০৮/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের আলোকে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সূত্রোস্থ ২নং স্মারকে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হয়েছে। এরই প্রেক্ষিতে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভূক্ত সকল মাদরাসার অধ্যক্ষ ও সুপারকে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১. সরকারি-বেসরকারি সকল মাদরাসায় নিয়মিত ও বাধ্যতামূলকভাবে সাংস্কৃতিক কর্মকান্ড, খেলাধুলা, স্কাউটিং ও সময়ভিত্তিক বিভিন্ন ধরনের সৃজনশীল কর্মকান্ডভিত্তিক প্রতিযোগিতার আয়োজন নিশ্চিত করতে হবে।
২. মাদরাসায় ২ সপ্তাহের বেশী সময় যৌক্তিক কারণ ব্যতিত কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকলে তার তথ্যাদি নিয়মিত পরিবীক্ষণ করতে হবে।
৩. মাদরাসায় নিয়মিত অভিভাবক-শিক্ষক, ছাত্র-ছাত্রী সমন্বয়ে অভিভাবক সমাবেশ আয়োজন করা এবং নিয়মিত জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত পরিবেশন নিশ্চিত করাসহ দৈনন্দিন প্রাত্যাহিক সমাবেশে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী কাউন্সিলিং করার উদ্যোগ গ্রহণ করতে হবে।
৪. মাদরাসাগুলোতে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী নিয়মিত এডভোকেসি করার উদ্যোগ নিতে হবে।
৫. সন্ত্রাস-জঙ্গিবাদ, মাদকতা ইত্যাদি প্রতিরোধে একটি স্ট্যান্ডার্ড ফর্মে অভিভাবকদের করনীয়, ছাত্র-ছাত্রীদের জন্য করনীয় ও বর্জনীয় এবং শিক্ষক-অভিভাবকদের জন্য অনুসরণীয় নির্ধারণ করে মাদরাসাসমূহে বিলবোর্ড আকারে দৃশ্যমান স্থানে টানিয়ে দেয়ার ব্যবস্থা নিতে হবে।
৬. সন্ত্রাস ও জঙ্গিবাদকে আদর্শগতভাবে মোকাবেলার জন্য প্রয়োজনীয় কর্মকৌশল প্রণয়ন করে কার্যক্রম গ্রহণ করতে হবে।

বর্ণিত অবস্থায় প্রধানমন্ত্রীর কার্যালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক উপরিল্লিখিত পদক্ষেপসমূহের বিষয়ে যথাযথ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ গৃহীত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে স্থাণীয় প্রশাসন ও বোর্ডকে অবহিত করার জন্য বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভূক্ত সকল মাদরাসার অধ্যক্ষ/সুপারকে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

১০/৮/১৬
প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২১৬

১০/০৮/২০১৬

প্রাপকঃ অধ্যক্ষ/সুপার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভূক্ত দেশের সকল মাদরাসা।

নং- বামাশিবো/সংস্থাপন/নথি-১০(১১)/৯৩৬(৯) তারিখঃ ১০/০৮/২০১৬খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১. অতিরিক্ত সচিব (মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. জনাব মোহাম্মদ শহীদুল্লাহ, সহকারী সচিব (মাদরাসা-২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(তাঁকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৭. সভাপতি, গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভূক্ত দেশের সকল মাদরাসা।
৮. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

১০/৮/১৬
মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

১০/০৮/২০১৬

G:\Admin\Shujan\Ministry\15-1248